# ঢাকায় দুই দিনে ১৪ জনসভায় অংশ নেবেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

বিএনপির চেয়ারম্যান তারেক রহমান আগামী রোববার ও সোমবার (৮ ও ৯ ফেব্রুয়ারি) রাজধানীর ১৪টি স্থানে জনসভায় অংশ নেবেন।

শনিবার (৭ ফেব্রুয়ারি) গুলশানে এক সংবাদ সম্মেলনে বিএনপির মুখপাত্র ও তারেক রহমানের উপদেষ্টা মাহদী আমিন এ তথ্য জানান। রোববার ঢাকা মহানগর উত্তরের ৬টি আসনে জনসভায় অংশ নেবেন তিনি। প্রথম জনসভা বেলা ২টায় ঢাকা-১৭ আসনের ইসিবি চত্বরে, এরপর ঢাকার বিভিন্ন এলাকায় দুপুর ও বিকেলে ৫টি জনসভায় বক্তব্য দেবেন। রোববারের শেষ জনসভা অনুষ্ঠিত হবে সন্ধ্যা ৬টায় ঢাকা-১১ আসনের সানভ্যালি মাঠে।

পরদিন সোমবার তারেক রহমান ঢাকা মহানগর দক্ষিণের ৭টি আসনে ৮টি জনসভায় অংশ নেবেন। প্রথম জনসভা অনুষ্ঠিত হবে সকাল ১১টায় ঢাকা-১৭ আসনের বনানী খেলার মাঠে। এরপর দুপুর ও বিকেলে বিভিন্ন এলাকায় ৭টি জনসভা রয়েছে, শেষ জনসভা হবে সন্ধ্যা ৬টায় ঢাকা-৭ আসনের লালবাগ বালুর মাঠে।

LENS ASIA